

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯৮.১৮-৪৮৯

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৫
০৬ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৬৩৬/২০০৬ (কনটেম্পট পিটিশন নং-৩০৫/২০১৭) মামলার ১২/০৮/২০০৮ খ্রি. তারিখের রায়/আদেশ বাস্তবায়ন।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৮.১৮-১৬, তারিখঃ ১৪/০১/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন রামনগর তাতেবকাঠী ছালেহীয়া দাখিল মাদ্রাসা'র সুপার এবং কর্মরত অন্যান্য শিক্ষকগণের ডিসেম্বর/২০০৪ মাস হতে মে/২০০৫ মাস পর্যন্ত ০৬ (ছয়) মাসের বিল পরিশোধের দাবী করে সুপার এবং অন্যান্য শিক্ষকগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৬৩৬/২০০৬ (কনটেম্পট পিটিশন নং-৩০৫/২০১৭) দায়ের করা হয়। রিট পিটিশন নং ৪৬৩৬/২০০৬ মামলায় গত ১২.০৮.২০০৮ তারিখের রায়ের এক জায়গায় উল্লেখ রয়েছে।

(ক) All on a sudden the superintendent of the said Madrasah remained himself absent in Madrasah unauthorizedly and thereby he failed to prepare and present the bills of the petitioners for the months of December,2004 to May,2005

(খ) উক্ত রায়ের অন্য জায়গায় উল্লেখ রয়েছে “The Superintendent in charge prepared and presented the bills of the teachers and staffs of the said Madrasah for the month of December, 2004 to upwards. The bank authority (respondent No.8)” though disbursed the bills of the petitioners for the month of June, 2005 and upwards but has not allowed the petitioners to draw their bills for the months of December,2004 to May,2005 without assigning any reason and thereby the petitioners have not been allowed to draw their salaries and festival bonus and the same have been deposited in the bank of the respondent No.8

০২। মামলার রায়ে বর্ণিত সময় তথা ডিসেম্বর/২০০৪ হতে মে/২০০৫ পর্যন্ত সময়ে বর্ণিত মাদ্রাসার সুপার কর্মস্থলে অনুমোদন বিহীন অনুপস্থিত ছিলেন এবং যেহেতু উক্ত সময়ে (ডিসেম্বর/২০০৪ হতে মে/২০০৫ পর্যন্ত) সুপার কর্মস্থলে অনুপস্থিত ছিলেন সেহেতু অনুপস্থিত উক্ত সময়ে কর্মে অনুপস্থিত থাকা সুপার অনুপস্থিতকালীন (ডিসেম্বর/২০০৪ হতে /২০০৫) MPO পাওয়ার অধিকারী নন বিধায় উক্ত সুপারকে সনাক্তক্রমে অবশিষ্ট শিক্ষক কর্মচারীর অনুকূলে ডিসেম্বর/২০০৪ হতে মে/২০০৫ পর্যন্ত সময়ে বকেয়া MPO প্রদান আবশ্যিক।

০৩। এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানের উল্লেখিত সময়ে (ডিসেম্বর/২০০৪ হতে মে/২০০৫) অননুমোদিতভাবে অনুপস্থিত থাকা সুপার ব্যতীত প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষক/কর্মচারীদের অনুকূলে ডিসেম্বর/২০০৪ মাস হতে মে/২০০৫ মাস পর্যন্ত ০৬ (ছয়) মাসের বেতন /ভাতার সরকারি অংশ পরিশোধক্রমে আগামী ৩০/১২/২০১৮ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩,
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।